
## পাঠ-৪১ তুলির ঘর

☐ তুলির ঘর। ঘরে অনেক কিছু আছে। দেখি তো ঘরে কী কী আছে।



☐ **ছবি দেখি। দেখে শব্দ লিখি।**

১. ........................ ২. ........................

৩. ........................ ৪. ........................

৫. ........................ ৬. ........................

৭. ........................ ৮. ........................

৯. ........................ ১০. ........................

**উত্তর :** ১. আলনা ২. জানালা ৩. খাট ৪. ঘড়ি ৫. টেবিল ৬. চেয়ার ৭. বই ৮. পুতুল ৯. একতারা ১০. ঢোল

## পাঠ-৪২ ভোর হলো

### ভোর হলো

কাজী নজরুল ইসলাম



ভোর হলো  
দোর খোলো  
খুকুমণি ওঠো রে!

ঐ ডাকে  
জুঁই-শাখে  
ফুল-খুকি ছোটো রে!

খুলি হাল  
তুলি পাল  
ঐ তরি চলল,

এইবার  
এইবার  
খুকু চোখ খুলল!

আলসে  
নয় সে  
ওঠে রোজ সকালে,

রোজ তাই  
চাঁদা ভাই  
টিপ দেয় কপালে। (সংক্ষেপিত)

☐ **কবিতাটি বলি**

**উত্তর :** নিজে কর।

☐ **দেখে দেখে কবিতার চরণ লিখি।**

**উত্তর :** নিজে কর।

☐ **দাগ টেনে শব্দের সাথে শব্দ মেলাই।**

| | |
|---|---|
| চাঁদ | খুলল |
| খুলি | কপালে |
| চোখ | মামা |
| টিপ | হাল |

**উত্তর :**

| | |
|---|---|
| চাঁদ → মামা | |
| খুলি → হাল | |
| চোখ → খুলল | |
| টিপ → কপালে | |

# পাঠ-৪৩ যেতে যেতে পড়ি

☐ **পড়ি**

পথে যেতে যেতে তুলি পড়ে। দেয়ালের লেখা। সাইনবোর্ডের লেখা। হাতের লেখা। চলো দেখি, তুলি কী পড়ছে।






শহিদ মিনার







**উত্তর :** তুলি পথে যেতে যেতে সাইনবোর্ডে বাংলাদেশ শিশু একাডেমি, ফুল ছেঁড়া নিষেধ, দেয়াল লিখনে মহান বিজয় দিবস, এই শহর আমার, আপনার এবং সবার; শহিদ মিনারে আমরি বাংলা ভাষা; বইঘরে এখানে বই, কাগজ, কলম ও খাতা পাওয়া যায় এবং ডাস্টবিনে এখানে ময়লা ফেলুন পড়ছে।

# পাঠ-৪৪ পড়ি ও লিখি

☐ **পড়ি**

পাখি গান গায়।
দূরে উড়ে যায়।
গান গেয়ে পাখি
করে ডাকাডাকি।



☐ **শব্দ বসাই**

পাখি গান গায়।
উড়ে উড়ে ...................। (যায়/খায়)
ওই দেখো গাছ।
জলে ভাসে ...................। (মাছ/ঘড়ি)
আকাশের গায়।
মেঘ উড়ে ...................। (চায়/যায়)

**উত্তর :** পাখি গান গায়।
উড়ে উড়ে <u>যায়</u>।
ওই দেখো গাছ।
জলে ভাসে <u>মাছ</u>।
আকাশের গায়।
মেঘ উড়ে <u>যায়</u>।

## ☐ পড়ি

ভোর হলো। রোদ উঠেছে। হাত মুখ ধুয়ে নিলাম। কিছু খাব। মা মুড়ি খেতে দিলেন। আমি এখন পড়তে বসব।

## ☐ নিজের মতো শব্দ বসিয়ে লিখি

এখন ........................................ । রোদ নেই। মাঠে ........................................ ।

সবাই মিলে ........................................ ।

**উত্তর :** এখন বিকাল। রোদ নেই। মাঠে যাই। সবাই মিলে খেলাধুলা করি।

## ☐ আজ সকালের কথা নিজের মতো লিখি

..............................................................................................

..............................................................................................

..............................................................................................

..............................................................................................

..............................................................................................

..............................................................................................

..............................................................................................

..............................................................................................

..............................................................................................

..............................................................................................

**উত্তর :** আমি সকালে ঘুম থেকে উঠি। ঘুম থেকে উঠেই দাঁত মাজি, হাত-মুখ ধৌত করি। মা গোসল করিয়ে দেয়। সকালের নাস্তা খাই। এরপর ক্লাসের পড়া রিভিশন দেই। মাদরাসায় যাওয়ার প্রস্তুতি নেই। মা বই খাতা, ব্যাগ গুছিয়ে দেয়। মা আমাকে মাদরাসায় নিয়ে যায়। মাদরাসায় যাওয়ার পথে আমার এক বন্ধুর সাথে দেখা হয়। মা, আমি আর আমার বন্ধু গল্প করতে করতে মাদরাসায় যাই।

# পাঠ-৪৫ সাত দিনের কথা

সাত দিনে এক সপ্তাহ। দিনগুলোর সাতটি নাম। ট্রেনের সামনে বসে আছে রাফি। রাফির কাছে দিনগুলোর নাম শুনি।




সাত দিনে কত কাজ করি আমরা। কখনো পড়ি, কখনো খেলি। কোনোদিন একেবারে ছুটি।


রাফি সাত দিনে বিভিন্ন কাজ করে। গান শোনে ও শেখে। ছবি আঁকে। সাইকেল চালায়। মাঠে খেলতে যায়। ছড়ার বই পড়ে। কাগজ কেটে ফুল বানায়। ছুটির দিনে বেড়াতে যায়।

## ☐ যুক্তবর্ণ শিখি

| | | |
|---|---|---|
| প্ত | প | ত |
| ট্র | ট | র |
| ঙ্গ | ঙ | গ |

| | | |
|---|---|---|
| স্প | স | প |
| ক্র | ক | র |

☐ বারের নাম বলি ও লিখি। কী কাজ করি লিখি।



| | |
|---|---|
| রবিবার → | |
| → | |
| মঙ্গলবার → | |
| | |
| বৃহস্পতিবার → | |
| → | |
| শনিবার → | |

উত্তর :

| | |
|---|---|
| রবিবার → | বাগান দেখাশোনা করি। |
| সোমবার → | নাতে রসুল শিখি। |
| মঙ্গলবার → | কায়দা পড়ি। |
| বুধবার | নিজের পড়ার ঘর পরিষ্কার করি। |
| বৃহস্পতিবার → | ছবি আঁকি। |
| শুক্রবার → | খেলাধুলা করি। |
| শনিবার → | পড়ার টেবিল সাজাই। |

☐ সপ্তাহের দিনগুলো মনে রাখি




উত্তর : এক সপ্তাহে সাত দিন। এ দিনগুলো হলো–

১। রবিবার, ২। সোমবার, ৩। মঙ্গলবার, ৪। বুধবার, ৫। বৃহস্পতিবার, ৬। শুক্রবার ও ৭। শনিবার।

## পাঠ-৪৬ আজকের দিন

☐ শুনি ও পড়ি

অনেক রোদ। গরম লাগছে।





মেঘ করেছে। মেঘলা দিন।

ঝড় আসছে। ঝড়ের বাতাস।





শীত। গরম কাপড় গায়ে দেই।

খুব চমৎকার দিন। বেড়াতে যাই।



☐ **বলি**

**প্রশ্ন : আজকের দিনটি কেমন?**
**উত্তর :** আজকের দিনটি মেঘলা।

**প্রশ্ন : ঝড়ের দিনে কী হয়?**
**উত্তর :** ঝড়ের দিনে ঝড় হয়।

**প্রশ্ন : শীতে গরম কাপড় পরতে হয় কেন?**
**উত্তর :** শীত নিবারণ করতে শীতে গরম কাপড় পরতে হয়।

**প্রশ্ন : কেমন দিন তোমার ভালো লাগে?**
**উত্তর :** শীতের দিন চমৎকার। এই দিনে বেড়াতে যাওয়া যায়। এই দিনে শীতের পিঠা খেতে ভারী মজা। তাই শীতের দিন আমার ভালো লাগে।

☐ **নিচের বামপাশের শব্দগুলোর সাথে ডানপাশের শব্দগুলোর মিল করো**

| | |
|---|---|
| নদী | গান |
| পাখি | নৌকা |
| সবুজ | বাতাস |
| ঝড় | বিছানা |
| ঘুম | পাতা |

**উত্তর :**
নদী → নৌকা
পাখি → গান
সবুজ → পাতা
ঝড় → বাতাস
ঘুম → বিছানা

## পাঠ-৪৭ ছুটি



### ছুটি

রবীন্দ্রনাথ ঠাকুর

মেঘের কোলে রোদ হেসেছে
বাদল গেছে টুটি,
আজ আমাদের ছুটি ও ভাই,
আজ আমাদের ছুটি।
কী করি আজ ভেবে না পাই,
পথ হারিয়ে কোন বনে যাই,
কোন মাঠে যে ছুটে বেড়াই,
সকল ছেলে জুটি।
আজ আমাদের ছুটি ও ভাই,
আজ আমাদের ছুটি। (সংক্ষেপিত)

☐ **কবিতাটি পড়ি**

উত্তর : নিজে কর।

☐ **না দেখে কবিতার চারটি চরণ লিখি**

উত্তর : মেঘের কোলে রোদ হেসেছে
বাদল গেছে টুটি,
আজ আমাদের ছুটি ও ভাই,
আজ আমাদের ছুটি।

☐ **শব্দগুলো দিয়ে বাক্য বলি ও লিখি**

ছুটি ........................................

বন ........................................

পথ ........................................

উত্তর : ছুটি – শুক্রবার আমাদের মাদরাসা ছুটি।
বন – বনে বাঘ থাকে।
পথ – গ্রামের পথ আঁকাবাঁকা।

☐ **খালি জায়গায় শব্দ লিখি**

মেঘের কোলে ........................ হেসেছে।

পথ হারিয়ে কোন ........................ যাই।

উত্তর : মেঘের কোলে রোদ হেসেছে।
পথ হারিয়ে কোন বনে যাই।

☐ **ফাঁকা জায়গায় চরণটি লিখি**

........................................
বাদল গেছে টুটি।
........................................
সকল ছেলে জুটি।

উত্তর : মেঘের কোলে রোদ হেসেছে
বাদল গেছে টুটি।
কোন মাঠে যে ছুটে বেড়াই,
সকল ছেলে জুটি।

☐ **ছুটির দিনে আমি কী কী করি তা নিয়ে তিনটি বাক্য লিখি**

উত্তর : তিনটি বাক্য :

১। ছুটির দিনে আমি বাবার সাথে ঘুরতে বের হই।

২। পড়ার টেবিল সাজাই।

৩। বন্ধুদের সাথে খেলাধুলা করি।

## পাঠ-৪৮ আমাদের দেশ



আমাদের দেশের নাম বাংলাদেশ। এ দেশে অনেক নদী আছে। নদী বয়ে চলে। পাখিরা গান গায়। গাছে গাছে ফুল ফোটে। এ দেশের আকাশ নীল। আকাশে উড়ে বেড়ায় সাদা মেঘ। রাতে চাঁদ ওঠে। কত ভালো লাগে।

এ দেশের পাহাড় সবুজ। তেমনি সবুজ ফসলের মাঠ।
মাঠে মাঠে ধান হয়। খালের জলে ভেসে বেড়ায় মাছ।
ভোর বেলায় দোয়েল ডাকে। দোয়েল আমাদের জাতীয় পাখি।
খুব সুন্দর আমাদের এই দেশ।

☐ **আমাদের দেশ সম্পর্কে বলি**

উত্তর : আমাদের দেশের নাম বাংলাদেশ। এদেশ অনেক সুন্দর। এদেশে অনেক নদী আছে। এখানে খালের জলে ভেসে বেড়ায় মাছ। গাছে গাছে অনেক ফুল, ফল ধরে। এদেশের পাহাড় সবুজ, সবুজ ফসলের মাঠ। মাঠে অনেক ধান উৎপন্ন হয়।

## ☐ খালি ঘরে লিখি

আমাদের দেশের নাম ........................................................................................ ।

এ দেশের আকাশ ............................................................................................. ।

খালের জলে ভেসে বেড়ায় .................................................................................. ।

আমাদের জাতীয় পাখির নাম ................................................................................ ।

**উত্তর :** আমাদের দেশের নাম বাংলাদেশ।

এ দেশের আকাশ নীল।

খালের জলে ভেসে বেড়ায় মাছ।

আমাদের জাতীয় পাখির নাম দোয়েল।

## ☐ আরও লিখি

লাল ............................................................................... । (যেমন : লাল জামা, লাল কলম)


সবুজ ............................................................................. ।

হলুদ ............................................................................. ।

নীল ............................................................................... ।

সাদা .............................................................................. ।

কালো ............................................................................ ।



**উত্তর :** লাল : লাল জামা, লাল কলম।

সবুজ : সবুজ পাহাড়, সবুজ ফসলের মাঠ।

হলুদ : হলুদ ফুল, হলুদ ডিমের কুসুম।

নীল : নীল আকাশ, নীল রং।

সাদা : সাদা মেঘ, সাদা বক।

কালো : কালো মেঘ, কালো কাক।

## ☐ বলি

**প্রশ্ন : আমার দেশকে কেন ভালো লাগে?**

**উত্তর :** আমার দেশে অনেক নদী আছে। এখানে গাছে গাছে ফুল ফোটে। এদেশের আকাশ নীল। আকাশে উড়ে বেড়ায় সাদা মেঘ। রাতে চাঁদ ওঠে। তাই এদেশকে আমার ভালো লাগে।

## ☐ লিখি

**প্রশ্ন : আমাদের দেশ নিয়ে তিনটি বাক্য লিখি**

১. .............................................. ।

২. .............................................. ।

৩. .............................................. ।

**উত্তর : তিনটি বাক্য :**

১. আমাদের দেশ খুব সুন্দর।

২. এদেশের পাহাড় সবুজ।

৩. এদেশে অনেক নদী আছে।

# পাঠ-৪৯ মাছের রাজা



আমাদের জাতীয় মাছ ইলিশ। ইলিশের রং রুপালি। ইলিশ সাগরে থাকে। ডিম দেয়ার সময়ে নদীতে আসে। ইলিশ হলো মাছের রাজা। ইলিশ ভাজা খেতে মজা।

## □ বলি ও লিখি

আমাদের জাতীয় মাছ কোনটি?

রুই/ইলিশ/বোয়াল ........................ ।

**উত্তর :** ইলিশ।

ইলিশ কোথায় থাকে?

সাগরে/পুকুরে/বিলে........................ ।

**উত্তর :** সাগরে।

ইলিশকে কী বলা হয়?

মাছের রাজা/মাছের রানি/মাছের উজির........................ ।

**উত্তর :** মাছের রাজা।

# পাঠ-৫০ সংখ্যা শিখি



একটি আঙুল ১



দুইটি চোখ ২



তিনটি কলম ৩



চারটিতে এক হালি ৪



পাঁচটি পুতুল ৫



ছয় ঋতুর বাংলাদেশ ৬



সাত জন বীরশ্রেষ্ঠ ৭




আটটি গ্রহ ৮




নয়টা বাজে ৯




দশটি ফড়িং ১০



ফুটবলের প্রতিদলে খেলে এগারো জন ১১

| বাংলা বার মাসের নাম | | | |
|---|---|---|---|
| বৈশাখ | জ্যৈষ্ঠ | আষাঢ় | শ্রাবণ |
| ভাদ্র | আশ্বিন | কার্তিক | অগ্রহায়ণ |
| পৌষ | মাঘ | ফাল্গুন | চৈত্র |

বারো মাসে এক বছর ১২



তেরোটি পাখি ১৩



চৌদ্দটি বই ১৪




পনেরোটি লেবু ১৫




ষোলোটি কাঠি ১৬



সতেরোটি কমলা ১৭



আঠারোটি বল ১৮



উনিশটি আম ১৯



বিশটি ফুল ২০

☐ যুক্তবর্ণ শিখি

চৌদ্দ দ্দ দ | দ

☐ বানান করে লিখি

৮ .......................... ১৩ .......................... ২০ ..........................

উত্তর : আট তেরো বিশ

☐ সংখ্যায় লিখি

পাঁচ .......................... দশ .......................... আঠারো ..........................

উত্তর : ৫ ১০ ১৮

☐ ফাঁকা ঘরে সঠিক সংখ্যাটি বানান করে লিখি

| | | | | |
|---|---|---|---|---|
| তিন | | পাঁচ | | সাত |
| নয় | | এগারো | | তেরো |
| ষোলো | সতেরো | | উনিশ | |

উত্তর :

| | | | | |
|---|---|---|---|---|
| তিন | **চার** | পাঁচ | **ছয়** | সাত |
| নয় | **দশ** | এগারো | **বারো** | তেরো |
| ষোলো | সতেরো | **আঠারো** | উনিশ | **বিশ** |

# পাঠ-৫১ মুক্তিযুদ্ধ ও বিজয়

## ☐ শুনি ও বলি



৭ই মার্চ, ১৯৭১। ঢাকায় রেসকোর্স ময়দানে নেমেছে মানুষের ঢল। তারা এসেছে একজনের কথা শুনতে। মঞ্চে এসে দাঁড়ালেন তিনি। বললেন স্বাধীনতার কথা। তিনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তিনি আমাদের জাতির পিতা।

২৫শে মার্চ, ১৯৭১। গভীর রাত। পাকিস্তানি সেনারা সারাদেশে আক্রমণ করল। আগুনে পুড়িয়ে দিল বাড়িঘর। গুলি করল। মারা গেল শত শত বাঙালি।

২৬শে মার্চ, ১৯৭১। শুরু হলো মুক্তিযুদ্ধ। গড়ে উঠল মুক্তিযোদ্ধাদের দল। তারা রোদে পুড়ল, বৃষ্টিতে ভিজল, শীতে কাঁপল। তবু লড়াই থামাল না। ভেঙে গুঁড়িয়ে দিল পাকিস্তানি সেনাদের ঘাঁটি। জীবন দিয়ে ছিনিয়ে আনল বিজয়।

১৬ই ডিসেম্বর, ১৯৭১। জন্ম নিল নতুন দেশ। বাংলাদেশ।

## ☐ শব্দ শিখি

যুদ্ধ – লড়াই।

রেসকোর্স ময়দান – ঢাকার একটি মাঠের নাম। এটি এখন সোহরাওয়ার্দি উদ্যান।

বঙ্গবন্ধু – বাংলার বন্ধু।

আক্রমণ – আঘাত।

গুঁড়িয়ে দিল – ভেঙে দিল।



## ☐ মনে রাখি

২৬শে মার্চ – বাংলাদেশের স্বাধীনতা দিবস।

১৬ই ডিসেম্বর – বাংলাদেশের বিজয় দিবস।

## ☐ বলি

**প্রশ্ন : স্বাধীনতার কথা কে বললেন?**

**উত্তর :** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার কথা বললেন।

**প্রশ্ন : আমাদের জাতির পিতা কে?**

**উত্তর :** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদের জাতির পিতা।

**প্রশ্ন : রোদে পুড়ে যুদ্ধ করল কারা?**

**উত্তর :** মুক্তিযোদ্ধারা রোদে পুড়ে যুদ্ধ করল।

**প্রশ্ন : কারা পরাজিত হলো?**

**উত্তর :** পাকিস্তানি সেনারা পরাজিত হলো।

**প্রশ্ন : নতুন দেশটির নাম কী?**

**উত্তর :** নতুন দেশটির নাম বাংলাদেশ।

## ☐ যুক্তবর্ণ শিখি

| | | | |
|---|---|---|---|
| মুক্তি | ক্ত | ক | ত |
| যুদ্ধ | দ্ধ | দ | ধ |
| বন্ধু | ন্ধ | ন | ধ |

☐ **মূল্যায়ন প্রস্তুতির জন্য আরও কিছু শিখি**

**প্রশ্ন : কোথায় মানুষের ঢল নেমেছে?**
**উত্তর :** ঢাকার রেসকোর্স ময়দানে মানুষের ঢল নেমেছে।

**প্রশ্ন : কে মঞ্চে এসে দাঁড়ালেন?**
**উত্তর :** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মঞ্চে এসে দাঁড়ালেন।

**প্রশ্ন : বঙ্গবন্ধু কীসের কথা বললেন?**
**উত্তর :** বঙ্গবন্ধু স্বাধীনতার কথা বললেন।

**প্রশ্ন : কারা সারাদেশে আক্রমণ করল?**
**উত্তর :** পাকিস্তানি সেনারা সারাদেশে আক্রমণ করল।

**প্রশ্ন : আমাদের মুক্তিযুদ্ধ কত সালে শুরু হয়?**
**উত্তর :** আমাদের মুক্তিযুদ্ধ ১৯৭১ সালে শুরু হয়।

**প্রশ্ন : কারা পাকিস্তানি সেনাদের ঘাঁটি ভেঙে গুঁড়িয়ে দিল?**
**উত্তর :** বাংলাদেশের মুক্তিযোদ্ধারা পাকিস্তানি সেনাদের ঘাঁটি ভেঙে গুঁড়িয়ে দিল।

## পাঠ-৫২ শব্দ নিয়ে খেলা

অভি ক বর্ণ দিয়ে একটি শব্দ বলল। শব্দটি হলো কলম। কলমের শেষ বর্ণ ম। তুলি ম দিয়ে একটি শব্দ বলল। সেটি হলো ময়ূর। ময়ূরের শেষ বর্ণ র। রাফি র দিয়ে একটি শব্দ বলল। সেটি হলো রাত। মিলি বলল ত দিয়ে বানানো শব্দ। সেটি হলো তাল। এখন তুমি ল দিয়ে একটি শব্দ বলো। এভাবে তোমরা খেলাটি চালিয়ে যেতে পারো।



☐ আমি ল দিয়ে বললাম লাটাই। তপু ই দিয়ে বলল ইলিশ, অপু শ দিয়ে বলল শাক, অমি ক দিয়ে বলল কলসি। আবার আরিফ স দিয়ে বলল সাবান। এভাবে খেলাটি চালিয়ে যেতে পারো।

## পাঠ-৫৩ আমার ঠিকানা

☐ **বলি ও লিখি**

শিক্ষকের সহযোগিতা নিয়ে নিচের ছক পূরণ করো

| | |
|---|---|
| নাম | |
| মায়ের নাম | |
| বাবার নাম | |
| গ্রামের নাম/বাসা নম্বর | |
| ডাকঘর | |
| থানা/উপজেলা | |
| জেলা | |

**উত্তর :**

| | |
|---|---|
| নাম | মো: কোরবান আলি |
| মায়ের নাম | মোছা: সাবিহা বেগম |
| বাবার নাম | মো: আরিফুল হক |
| গ্রামের নাম/বাসা নম্বর | বানিয়াবাড়ি |
| ডাকঘর | পোড়াবাড়ি |
| থানা/উপজেলা | টাঙ্গাইল সদর |
| জেলা | টাঙ্গাইল |